



জাতীয় বিশ্ববিদ্যালয়

পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর

গাজীপুর।

তারিখঃ ২২/১০/২০২৫ খ্রিঃ

পরীক্ষার সাথে সংশ্লিষ্ট অনলাইন সেবার নাম, প্রয়োজনীয় সংযুক্তি ও ফি সংক্রান্ত নির্দেশনাবলী

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান এবং শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, মূল সনদপত্র, সাময়িক সনদপত্র, নম্বরপত্র, ট্রান্সক্রিপ্ট, ট্রান্সক্রিপ্ট (২য় বার), দ্বি-নকল (মূল সনদপত্র/সাময়িক সনদপত্র/নম্বরপত্র/প্রবেশপত্র), সংশোধন (মূল সনদপত্র/সাময়িক সনদপত্র/নম্বরপত্র/প্রবেশপত্র), বাংলা থেকে ইংরেজী অনুবাদকরণ (মূল সনদপত্র/সাময়িক সনদপত্র/নম্বরপত্র/প্রবেশপত্র) ও ফ্রেশ কপি (মূল সনদপত্র/সাময়িক সনদপত্র/নম্বরপত্র/প্রবেশপত্র) আবেদন অনলাইনে করতে হবে। বিভিন্ন সেবা গ্রহণের জন্য অনলাইনে আবেদন ফরম পূরণ করে নির্ধারিত ফি সোনালী ব্যাংকের যে কোন শাখায় সোনালী সেবার মাধ্যমে বা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে জমা দিতে হবে। আবেদনের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের অফিসিয়াল ওয়েবসাইটে (www.nu.ac.bd → Service → Student Login (Student Service)) প্রবেশ করে স্টুডেন্ট প্রোফাইল তৈরী করার জন্য Signup or Student Registration এ ক্লিক করে প্রয়োজনীয় তথ্য দিয়ে সাবমিট করলে স্টুডেন্টের তথ্য দেখাবে। তথ্য সঠিক থাকলে মোবাইল নাম্বার এবং ই-মেইল এড্রেস দিয়ে OTP ভেরিফিকেশন করার পর SMS এর মাধ্যমে User ID এবং Password প্রদান করা হবে। রেজিস্ট্রেশন সম্পন্ন করার পর User ID এবং Password ব্যবহার করে স্টুডেন্ট প্রোফাইলে প্রবেশ (লগিন) করতে হবে। স্টুডেন্ট প্রোফাইলে লগিন করার পর ড্যাশবোর্ড দেখা যাবে। ড্যাশবোর্ডের বাম পাশে Exam Service (apply) মেনুতে রেজাল্টের তথ্য না থাকলে “রেজাল্টের তথ্য যুক্ত করতে এখানে ক্লিক করুন” এই লিংকে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য দিয়ে রেজাল্টের তথ্য যুক্ত করতে পারবেন। যাদের তথ্য পাওয়া যাবে না তারা প্রয়োজনীয় কাগজপত্র সহ support.is@nu.ac.bd এই আইডিতে ই-মেইল করলে যাচাই সাপেক্ষে ড্যাশবোর্ডে রেজাল্ট যুক্ত হবে এবং সেবার জন্য আবেদন করতে পারা যাবে। অনলাইনে উক্ত সেবা গ্রহণের জন্য Student Login পেইজের নির্দেশিকা ভালভাবে দেখে আবেদন করার জন্য বলা হলো। প্রতিটি সেবার জন্য যে সকল ডকুমেন্টস স্ক্যান করে এটাচ করতে হবে এবং ফি প্রদান করতে হবে তার তালিকা নিম্নে দেয়া হলো।

ক্রঃ নং	সেবার নাম	প্রয়োজনীয় সংযুক্তি সমূহ	ফি	মন্তব্য
১.	সাময়িক সনদপত্র/নম্বরপত্র	১। সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষের সুপারিশসহ আবেদন পত্র (নির্ধারিত ফরমে নির্দিষ্ট স্থানে পাসপোর্ট সাইজের ছবিসহ)। ২। রেজিস্ট্রেশন কার্ডের কালার স্ক্যান কপি। ৩। শেষ বর্ষের প্রবেশপত্রের কালার স্ক্যান কপি। ৪। অনলাইন রেজাল্ট (সমন্বিত ফলাফল)।	৫০০	
২.	মূল সনদপত্র	১। সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষের সুপারিশসহ আবেদন পত্র (নির্ধারিত ফরমে নির্দিষ্ট স্থানে পাসপোর্ট সাইজের ছবিসহ)। ২। রেজিস্ট্রেশন কার্ডের কালার স্ক্যান কপি। ৩। শেষ বর্ষের প্রবেশপত্রের কালার স্ক্যান কপি। ৪। নম্বরপত্র/ট্রান্সক্রিপ্টের কালার স্ক্যান কপি। ৫। সাময়িক সনদপত্র (মূল সনদপত্র গ্রহণের সময় বিশ্ববিদ্যালয় কর্তৃক ইস্যুকৃত সাময়িক সনদপত্র অবশ্যই ফেরত দিতে হবে।)	৬০০	

৩.	মূল সনদপত্র (দ্বি-নকল)	১। সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষের সুপারিশসহ আবেদন পত্র (নির্ধারিত ফরমে নির্দিষ্ট স্থানে পাসপোর্ট সাইজের ছবিসহ)। ২। রেজিস্ট্রেশন কার্ডের কালার স্ক্যান কপি। ৩। শেষ বর্ষের প্রবেশপত্রের কালার স্ক্যান কপি। ৪। নম্বরপত্র/ট্রান্সক্রিপ্টের কালার স্ক্যান কপি। ৫। থানার জিডির কপি। ৬। হারানো বিজ্ঞপ্তি প্রকাশের পত্রিকার কালার স্ক্যান কপি। ৭। মূল সনদপত্র (দ্বি-নকল) গ্রহণের সময় থানার জিডি ও হারানো বিজ্ঞপ্তি প্রকাশের পত্রিকা (মূল কপি) জমা দিতে হবে।	৮০০	
৪.	সাময়িক সনদপত্র/নম্বরপত্র/প্রবেশপত্র (দ্বি-নকল)	১। সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষের সুপারিশসহ আবেদন পত্র (নির্ধারিত ফরমে নির্দিষ্ট স্থানে পাসপোর্ট সাইজের ছবিসহ)। ২। রেজিস্ট্রেশন কার্ডের কালার স্ক্যান কপি। ৩। শেষ বর্ষের প্রবেশপত্রের কালার স্ক্যান কপি। ৪। সাময়িক সনদপত্র/নম্বরপত্র/ট্রান্সক্রিপ্টের কালার স্ক্যান কপি। ৫। থানার জিডির কপি। ৬। হারানো বিজ্ঞপ্তি প্রকাশের পত্রিকা। ৭। দ্বি-নকল (সনদপত্র/নম্বরপত্র/প্রবেশপত্র) গ্রহণের সময় থানার জিডি ও হারানো বিজ্ঞপ্তি প্রকাশের পত্রিকা (মূল কপি) জমা দিতে হবে।	৭০০	
৫.	ট্রান্সক্রিপ্ট	১। সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষের সুপারিশসহ আবেদন পত্র (নির্ধারিত ফরমে নির্দিষ্ট স্থানে পাসপোর্ট সাইজের ছবিসহ)। ২। রেজিস্ট্রেশন কার্ডের কালার স্ক্যান কপি। ৩। প্রত্যেক বর্ষের প্রবেশপত্রের কালার স্ক্যান কপি। ৪। নম্বরপত্রের কালার স্ক্যান কপি। ৫। মূল/সাময়িক সনদপত্রের কালার স্ক্যান কপি। ৬। এইচ এস সি সনদপত্রের কালার স্ক্যান কপি। ৭। মাস্টার্স ট্রান্সক্রিপ্ট এর জন্য অনার্স সনদপত্র/প্রিলিমিনারি নম্বরপত্রের কালার স্ক্যান কপি।	৭০০	
৬.	ট্রান্সক্রিপ্ট (২য় কপি)	১। সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষের সুপারিশসহ আবেদন পত্র (নির্ধারিত ফরমে নির্দিষ্ট স্থানে পাসপোর্ট সাইজের ছবিসহ)। ২। রেজিস্ট্রেশন কার্ডের কালার স্ক্যান কপি। ৩। প্রত্যেক বর্ষের প্রবেশপত্রের কালার স্ক্যান কপি। ৪। নম্বরপত্রের কালার স্ক্যান কপি। ৫। মূল/সাময়িক সনদপত্রের কালার স্ক্যান কপি। ৬। এইচ এস সি সনদপত্রের কালার স্ক্যান কপি। ৭। মাস্টার্স ট্রান্সক্রিপ্ট এর জন্য অনার্স সনদপত্র/প্রিলিমিনারি নম্বরপত্রের কালার স্ক্যান কপি।	৫০০	
৭.	প্রবেশপত্র (সংশোধন)	১। সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষের সুপারিশসহ আবেদন পত্র (নির্ধারিত ফরমে নির্দিষ্ট স্থানে পাসপোর্ট সাইজের ছবিসহ)। ২। সংশোধিত রেজিস্ট্রেশন কার্ডের কালার স্ক্যান কপি। ৩। সংশ্লিষ্ট বর্ষের প্রবেশপত্রের কালার স্ক্যান কপি। ৪। বোর্ড কর্তৃক নাম সংশোধনের পত্র (প্রযোজ্য ক্ষেত্রে)। ৫। সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট কর্তৃক প্রদত্ত এভিডেবিট (ধর্মাস্তরিত হলে)। ৬। জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের কালার স্ক্যান কপি।	৭০০	



৮.	মূল সনদপত্র/সাময়িক সনদপত্র/নম্বরপত্র (সংশোধন)	১। সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষের সুপারিশসহ আবেদন পত্র (নির্ধারিত ফরমে নির্দিষ্ট স্থানে পাসপোর্ট সাইজের ছবিসহ)। ২। সংশোধিত রেজিস্ট্রেশন কার্ডের কালার স্ক্যান কপি। ৩। শেষ বর্ষের সংশোধিত প্রবেশপত্রের কালার স্ক্যান কপি। ৪। ভুল নামের মূল সনদপত্র/সাময়িক সনদপত্র/নম্বরপত্র। ৫। এস.এস.সি ও এইচ.এস.সি সংশোধিত সনদপত্র (সংশোধিত হয়ে থাকলে)। ৬। জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের কালার স্ক্যান কপি। ৭। সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট কর্তৃক প্রদত্ত এভিডেবিট (ধর্মান্তরিত হলে)।	৭০০	
৯.	ট্রান্সক্রিপ্ট (সংশোধন)	১। সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষের সুপারিশসহ আবেদন পত্র (নির্ধারিত ফরমে নির্দিষ্ট স্থানে পাসপোর্ট সাইজের ছবিসহ)। ২। সংশোধিত রেজিস্ট্রেশন কার্ডের কালার স্ক্যান কপি। ৩। সংশ্লিষ্ট বর্ষের সংশোধিত প্রবেশপত্রের কালার স্ক্যান কপি। ৪। ভুল নামের ট্রান্সক্রিপ্টের কালার স্ক্যান কপি। ৫। মাস্টার্স ট্রান্সক্রিপ্ট এর ক্ষেত্রে অনার্স সনদপত্র/প্রিলিমিনারি নম্বরপত্র। ৬। এস.এস.সি ও এইচ.এস.সি এর সংশোধিত সনদপত্র (সংশোধিত হয়ে থাকলে)। ৭। জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের কালার স্ক্যান কপি। ৮। সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট কর্তৃক প্রদত্ত এভিডেবিট (ধর্মান্তরিত হলে)।	৭০০	
১০.	মূল সনদপত্র/ সাময়িক সনদপত্র/ নম্বরপত্র বাংলা থেকে ইংরেজী অনুবাদকরণ (ট্রান্সলেশন)	১। সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষের সুপারিশসহ আবেদন পত্র (নির্ধারিত ফরমে নির্দিষ্ট স্থানে পাসপোর্ট সাইজের ছবিসহ)। ২। রেজিস্ট্রেশন কার্ডের কালার স্ক্যান কপি। ৩। শেষ বর্ষের প্রবেশপত্রের কালার স্ক্যান কপি। ৪। বাংলা মূল সনদপত্র/ সাময়িক সনদপত্র/ নম্বরপত্রের কালার স্ক্যান কপি। ৫। ইংরেজী সাময়িক সনদপত্র/মূল সনদপত্র গ্রহণের সময় বিশ্ববিদ্যালয় কর্তৃক ইস্যুকৃত বাংলা সাময়িক সনদপত্র/ মূল সনদপত্র ফেরত দিতে হবে।	৮০০	
১১.	প্রবেশপত্র বাংলা থেকে ইংরেজী অনুবাদকরণ (ট্রান্সলেশন)	১। সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষের সুপারিশসহ আবেদন পত্র (নির্ধারিত ফরমে নির্দিষ্ট স্থানে পাসপোর্ট সাইজের ছবিসহ)। ২। রেজিস্ট্রেশন কার্ডের কালার স্ক্যান কপি। ৩। সংশ্লিষ্ট বর্ষের প্রবেশপত্রের কালার স্ক্যান কপি। ৪। বাংলা প্রবেশপত্রের কালার স্ক্যান কপি। ৫। ইংরেজী অনুবাদকৃত প্রবেশপত্র গ্রহণের সময় বিশ্ববিদ্যালয় কর্তৃক ইস্যুকৃত বাংলা নম্বরপত্র ফেরত দিতে হবে।	৮০০	
১২.	ফ্রেশ কপি (মূল সনদ/ সাময়িক সনদ/নম্বরপত্র/ প্রবেশপত্র)।	১। সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষের সুপারিশসহ আবেদন পত্র (নির্ধারিত ফরমে নির্দিষ্ট স্থানে পাসপোর্ট সাইজের ছবিসহ)। ২। রেজিস্ট্রেশন কার্ডের কালার স্ক্যান কপি। ৩। শেষ বর্ষের প্রবেশপত্রের কালার স্ক্যান কপি। ৪। ছিড়ে যাওয়া বা নষ্ট হয়ে যাওয়া মূল সনদ/সাময়িক সনদ/নম্বরপত্র/প্রবেশপত্রের কালার স্ক্যান কপি। ৫। ফ্রেশ কপি সংগ্রহের সময় পুরাতন (ছিড়ে যাওয়া, পুড়ে যাওয়া বা নষ্ট হয়ে যাওয়া) মূল সনদ/সাময়িক সনদ/নম্বরপত্র/প্রবেশপত্র ফেরত দিতে হবে।	৭০০	

চাহিদা মোতাবেক আবেদনে প্রয়োজনীয় ডকুমেন্টস/তথ্যাদি প্রদান (এটাচ) না করলে আবেদন অসম্পূর্ণ বলে বিবেচিত হবে এবং প্রয়োজনীয় ডকুমেন্টস/তথ্যাদি সংযুক্ত করে পুনরায়-সাবমিট (Re-apply) করার জন্য সেন্ট ব্যাক করা হবে। আবেদন প্রক্রিয়ার বিভিন্ন ধাপের অগ্রগতি শিক্ষার্থী তার প্রোফাইলে/ড্যাশবোর্ডে দেখতে পারবে এবং সার্ভিস ডেলিভারি করার জন্য সকল ধাপ সম্পন্ন হলে অনলাইনে রেজিস্ট্রেশনের সময় প্রদানকৃত মোবাইল নাম্বারে SMS/ই-মেইলের এর মাধ্যমে জানানো হবে। ছুটির দিন ব্যতিত সার্ভিস অফিস চলাকালীন সময় (সকাল ৮:৩০টা থেকে বিকাল ৪:৩০টা) এর মধ্যে বিশ্ববিদ্যালয়ের ওয়ান স্টপ সার্ভিস সেন্টার থেকে সরবরাহ করা হবে। সেবা প্রার্থীকে নিজে ওয়ান স্টপ সার্ভিস সেন্টারে উপস্থিত হয়ে ডকুমেন্ট সংগ্রহ করতে হবে। সেবা প্রার্থী শারিরিকভাবে অসুস্থতার কারণে অথবা বিদেশে অবস্থানের কারণে বাব-মা, ভাই-বোন, স্বামী-স্ত্রী, সন্তান এর মাধ্যমে অনুমতিপত্র/প্রার্থীকারপত্র প্রদান সাপেক্ষে ডকুমেন্ট সংগ্রহ করতে পারবে। অধ্যক্ষের অগ্রায়ন (সুপারিশ) ছাড়া কোন আবেদন গ্রহণ করা হবে না। আবেদন ফর্ম www.nu.ac.bd → Service → Student Login (Student Service) → Form/ফর্ম অথবা www.nu.ac.bd/download-form-instruction.php লিংকে প্রবেশ করলে পাওয়া যাবে।

*নোটঃ সময়ে সময়ে জারিকৃত সর্বশেষ সার্ভিস রুলস এবং এর সাথে সম্পর্কিত ফি বা অন্যান্য আর্থিক বিষয়াদি প্রযোজ্য হবে।

এ ব্যাপারে সকলের সহযোগিতা একান্ত কাম্য।


(মোঃ এনামুল করিম)
পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
ই-মেইলঃ controller@nu.ac.bd